

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪৫৭

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ আল্লাহর দয়ার আশা রাখার গুরুত্ব

আরবী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ: كُنَّا قُعُوداً مَعَ رَسُولِ اللهِ عَيْلِيْ مَعَنا أَبُو بَكْرٍ وَعُمَرُ رَضِيَ اللهُ عَنهُمَا فِي نَفَرٍ فَقَامَ رَسُولُ اللهِ عَيْلِيْ مِنْ بَيْنِ أَظْهُرِنَا فَأَبْطاً عَلَيْنَا فَخَشِينَا أَنْ يُقتَطَعَ دُونَنَا فَفَرْعَنا فَقُمْنَا فَكُنْتُ أُوَّلَ مَنْ فَزِعَ فَخَرَجْتُ أَبْتَغِي رَسُولَ اللهِ عَيْلِيْ حَتَّى أَتَيْتُ حَائِطاً لَفَزَعَنا فَقُمْنَا فَكُنْتُ أُوَّلَ مَنْ فَزِعَ فَخَرَجْتُ أَبْتَغِي رَسُولَ اللهِ عَيْلِيْ حَتَّى أَتَيْتُ حَائِطاً للأَنْصَارِ وَذَكَرَ الحَدِيثَ بِطُولِهِ إِلَى قوله: فَقَالَ رَسُولُ اللهِ عَيْلِيْ اذَهَبْ فَمَن لَقِيتَ وَرَاءَ هَذَا الحَائِطِ يَشْهَدُ أَنْ لَا إِلْهَ إِلاَّ الله مُسْتَيقِناً بِهَا قَلْبُهُ فَبَشِرْهُ بِالجَنَّةِ رواه مسلم

বাংলা

(৪৫৭) আবৃ হুরাইরাহ (রাঃ) বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে বসেছিলাম। আমাদের সঙ্গে আবৃ বকর ও উমার (রাঃ)ও লোকেদের একটি দলে উপস্থিত ছিলেন। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের মধ্য থেকে উঠে (কোথাও) গেলেন। তারপর তিনি আমাদের নিকট ফিরে আসতে বিলম্ব করলেন। সুতরাং আমরা ভয় করলাম যে, আমাদের অবর্তমানে তিনি (শক্রু) কবলিত না হন। অতঃপর আমরা ভীত-সন্তুস্ত হয়ে (সভা থেকে) উঠে গেলাম। সর্বপ্রথম আমিই ঘাবড়ে গিয়েছিলাম। সুতরাং আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খোঁজে বের হলাম। এমনকি শেষ পর্যন্ত এক আনসারীর বাগানে এলাম। (অতঃপর) তিনি দীর্ঘ হাদীস বর্ণনা করলেন, যাতে তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি যাও! অতঃপর (এ বাগানের বাইরে) যার সাথেই তোমার সাক্ষাৎ ঘটবে, যে হুদয়ের দৃঢ় প্রত্যয়ের সাথে 'লা- ইলাহা ইল্লাল্লাহ'-এর সাক্ষ্য দেবে, তাকে তুমি জান্নাতের সুসংবাদ দিয়ে দাও।

ফুটনোট

(মুসলিম ১৫৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন